তানজিন তিশা: সততায় দমিয়ে রাখা যায় না

written by Chandradip News24 | December 20, 2024

ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী তানজিন তিশা, যিনি শতাধিক নাটকে অভিনয়ের পাশাপাশি ওটিটি প্ল্যাটফর্মেও নিজের প্রতিভা দেখিয়েছেন। সম্প্রতি এক অনুষ্ঠানে তিনি নিজের অভিজ্ঞতা ও জীবনদর্শন নিয়ে কথা বলেছেন।

তিশা বলেন, “আমি বিশ্বাস করি, যদি কেউ সৎ থাকে, তাকে কেউ দমিয়ে রাখতে পারবে না। আল্লাহ আমাকে অনেক ভালোবাসেন। কোনো সমস্যার সম্মুখীন হলে আমি সততার মাধ্যমে পথ খুঁজে নিতে পারি। এটি আমার জীবনের সবচেয়ে বড় প্রাপ্তি।”

অভিনয়ের পাশাপাশি জীবনের ওঠাপড়ার কথাও তুলে ধরে তিনি বলেন, “উত্থান-পতনের মধ্যে ভালো দিকগুলো গ্রহণ করে সামনের দিকে এগিয়ে যাওয়া আমার অন্যতম গুণ। এটি এমন একটি বিষয় যা অনেক শিল্পীর মধ্যে দেখা যায় না।”

অনুষ্ঠানে তিনি জানান, “প্রায় ছয় বছর পর ক্লাসিক্যাল নাচ করার সুযোগ পেয়েছি। আমি তো নাচের মেয়ে। যদিও গ্রাজুয়েশন শেষ করিনি, পাঁচ বছর নাচের প্রশিক্ষণ নিয়েছি। তাই নাচকে আমি ভালোবাসি।”

তিশা স্টেজ পারফর্মের প্রতি ভালোবাসা প্রকাশ করে বলেন, “অভিনয়ের পাশাপাশি স্টেজ পারফর্ম আমার সবচেয়ে প্রিয়। এই বছর একটি সুন্দর কাজের মাধ্যমে বছরটি শেষ করছি।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম